বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
এসএমই বিভাগ

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৩/২০২৬ তারিখঃ ১৮/০৫/২০২৬ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : **ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় (৪র্থ দফায়) রিভলভিং ফান্ড হতে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ নীতিমালা।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বৈশ্বিক ও জাতীয় অর্থনৈতিক প্রেক্ষাপট, জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি, অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোক্তা গোষ্ঠীর অর্থায়ন চাহিদা এবং আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড হতে ৪র্থ দফায় সারাদেশের অগ্রাধিকারপ্রাপ্ত খাত, ক্লাস্টারভিত্তিক শিল্প, নারী উদ্যোক্তা, জলবায়ু-ঝুঁকিপূর্ণ অঞ্চলের উদ্যোক্তা এবং বিদেশ ফেরত অভিবাসী উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে ঋণ বিতরণের উদ্দেশ্যে বিগত ০৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দে এসএমই ফাউন্ডেশন এবং বাংলাদেশ কৃষি ব্যাংক এর মধ্যে দ্বিপাক্ষিক অর্থায়ন চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে ।

০৩। এসএমই ফাউন্ডেশন কর্তৃক গঠিত রিভলভিং ফান্ড পরিচালনার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের জারিকৃত নীতিমালা এবং এসএমসই ফাউন্ডেশন ও বাংলাদেশ কৃষি ব্যাংকের দ্বিপাক্ষিক অর্থায়ন চুক্তিনামার ভিত্তিতে নিম্নোক্ত নীতিমালা প্রস্তুতপূর্বক জারি করা হলো।

০৪। **নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

৪.১ **লক্ষ্য:** নীতিমালা অনুযায়ী দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত অগ্রাধিকারভুক্ত এসএমই উপখাত (সাব-সেক্টর), সম্ভাবনাময় এসএমই ক্লাস্টার, পিছিয়ে পড়া অঞ্চল এবং নারী উদ্যোক্তাসহ গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের অতিক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ করা হবে; পাশাপাশি জলবায়ু-ঝুঁকিপূর্ণ অঞ্চলের উদ্যোক্তা, সবুজ প্রযুক্তি ভিত্তিক উদ্যোগ, আইসিটি ও প্রযুক্তি নির্ভর সৃজনশীল ব্যবসায়ে যুক্ত তরুণ/নতুন উদ্যোক্তা, যারা এখনো ব্যাংক হতে ঋণ সুবিধা পাননি তাদেরও অগ্রাধিকার প্রদান করা হবে।

৪.২ **উদ্দেশ্য:** এই নীতিমালার প্রধান উদ্দেশ্য হলো দেশের অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (MSMES) সহজ শর্তে এবং সাশ্রয়ী সুদে অর্থায়ন নিশ্চিত করা, শিল্পায়ন ত্বরান্বিত করা এবং উদ্যোক্তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।

০৫। **তহবিলের উৎস ও ব্যবস্থাপনাঃ**

৫.১ **তহবিলের উৎস:** 'রিভলভিং ফান্ড'টি সরকার প্রদত্ত তহবিল দ্বারা গঠিত একটি পুনঃঅর্থায়নভিত্তিক (Revolving) অর্থায়ন কাঠামো হিসেবে পরিচালিত হবে।

৫.২ **তহবিল ব্যবস্থাপনা:** এ তহবিল হতে অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণ করা হবে এবং আদায়কৃত অর্থ পুনরায় অর্থায়নে ব্যবহার করা যাবে। ফাউন্ডেশন তহবিল ব্যবস্থাপনা, নীতিমালা প্রণয়ন, তদারকি এবং কার্যক্রমের সামগ্রিক সমন্বয় করবে, আর অংশীদার প্রতিষ্ঠান ঋণ বিতরণ, আদায় ও পর্যবেক্ষণ কার্যক্রম পরিচালনা করবে।

০৬। **ঋণ প্রাপ্তির জন্য যোগ্যতা, ঋণের পরিমাণ, সুদের হার ও মেয়াদ ও ঋণ আদায় ঃ**

**৬.১ ঋণের পরিমাণ, গ্রাহক পর্যায়ে ঋণের সুদের হার, ঋণ অগ্রাধিকার উপখাত, ক্লাস্টার অঞ্চল, গ্রুপ এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সার্ভিস চার্জ:**

৬.১.১ ঋণের পরিমাণ: ১.০০ লক্ষ টাকা হতে ২৫.০০ লক্ষ টাকা

৬.১.২ সুদের হার: উদ্যোক্তা পর্যায়ে ঋণের সুদের হার ৮.০০%।

৬.১.৩ অগ্রাধিকার:

- অগ্রাধিকারভুক্ত এসএমই সাব-সেক্টর, ক্লাস্টারের উদ্যোক্তা এবং ভ্যালু চেইনের আওতাভুক্ত উদ্যোক্তা;

চলমান পাতা ০২

- রপ্তানিযোগ্য পণ্যসহ 'আমদানি-বিকল্প পণ্যের' উৎপাদনে নিয়োজিত উদ্যোক্তা;
- আইসিটি ও প্রযুক্তিনির্ভর সৃজনশীল ব্যবসায়ে যুক্ত তরুণ/নতুন উদ্যোক্তা যারা এখনো ব্যাংক হতে ঋণ পাননি;
- সারাদেশের নারী উদ্যোক্তা;
- পশ্চাদপদ অঞ্চল, উপজাতীয় অঞ্চল, শারীরিকভাবে অক্ষম এবং তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা;
- জলবায়ু-ঝুঁকিপূর্ণ অঞ্চলের উদ্যোক্তা, সবুজ প্রযুক্তিভিত্তিক উদ্যোগ এবং বিশেষ খাতভুক্ত উদ্যোক্তা;
- দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত ট্রেডবডি, এসএমই অ্যাসোসিয়েশন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব, উদ্যোক্তা উন্নয়ন সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থাসহ উপজেলা ও জেলা প্রশাসনের সুপারিশকৃত উদ্যোক্তা এবং এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তা;
- এছাড়া, নিম্নোক্ত প্রাইম ক্লাস্টারে ঋণ বিতরণে প্রধান বাস্তবায়নকারী ও অন্যান্য ক্লাস্টারেও ঋণ বিতরণে সচেষ্ট থাকবে:

| প্রাইম ক্লাস্টার | ফাউন্ডেশনের অগ্রাধিকার ক্লাস্টার/সেক্টর/ক্লায়েন্টেল তালিকা |
|---|---|
| ▪ টাঙ্গাইলস্থ হ্যান্ডলুম ক্লাস্টার (পাথরাইল, দেলদুয়ার, বল্লা, বেলতা, কালিহাতি);<br>▪ নরসিংদী টেক্সটাইল ক্লাস্টার, নরসিংদী;<br>▪ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর সদস্য উদ্যোক্তা;<br>▪ মুদ্রণ শিল্প সমিতির সদস্য উদ্যোক্তা;<br>▪ নারায়ণগঞ্জ জামদানি ক্লাস্টার;<br>▪ বাংলাদেশ অর্গানিক প্রোডাক্টস ম্যানুফাকচারার্স অ্যাসোসিয়েশন এর সদস্য উদ্যোক্তা | ▪ সংযোজনী-২ |

৬.২ **উদ্যোক্তা পর্যায়ে সুদের হার হিসাবায়ন:** উদ্যোক্তা পর্যায়ে ঋণের সুদ ক্রমহ্রাসমান স্থিতি (রিডিউসিং ব্যালেন্স) পদ্ধতিতে হিসাবায়ন হবে। ঋণ প্রসেসিং ফি হিসেবে শুধুমাত্র সিআইবি চার্জ ও স্টাম্প চার্জ বাবদ প্রকৃত ব্যয় গ্রহণ করা যাবে। এ ছাড়া অন্য কোনো প্রকার চার্জ (সুপারভিশন চার্জ কিংবা অন্য যে নামেই অভিহিত হোক) গ্রহণ করা যাবে না।

৬.৩ **জামানত:** এ কর্মসূচির আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুযায়ী পুরুষ উদ্যোক্তাদের জন্য সর্বোচ্চ ৫ লক্ষ টাকা এবং নারী উদ্যোক্তাদের জন্য সর্বোচ্চ ১০ লক্ষ টাকা জামানতবিহীন ঋণ প্রদান করা যাবে।

৬.৪ **অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সার্ভিস চার্জ:** চুক্তির আওতায় গ্রাহক পর্যায়ে নির্ধারিত ৮% সুদের হারের মধ্যে অংশীদার ব্যাংকের অনুকূলে ৫% স্প্রেড থাকবে এবং অবশিষ্ট ৩% সার্ভিস চার্জ হিসেবে গণ্য হবে (যা আয়কর কর্তনযোগ্য হবে না)। উক্ত সার্ভিস চার্জ অংশীদার ব্যাংক ত্রৈমাসিক ভিত্তিতে এসএমই ফাউন্ডেশন-এ প্রদান করবে, যার মধ্যে ১.৫% রিভলভিং তহবিলের আকার বৃদ্ধির লক্ষ্যে কিস্তির মূল অর্থের সাথে জমা হবে এবং অবশিষ্ট ১.৫০% ফাউন্ডেশনের ব্যবস্থাপনা ব্যয় বাবদ নিজস্ব হিসাবে প্রদান করতে হবে। এবিষয়ে প্রস্তুতকৃত রিপেমেন্ট সিডিউলের ভিত্তিতে কিস্তির মূল অর্থ এসএমই ফাউন্ডেশনের জনতা ব্যাংকে রক্ষিত হিসাবে এবং সার্ভিস চার্জের অর্থ ব্যাংক এশিয়ায় রক্ষিত জেনারেল একাউন্টে প্রদান করতে হবে। অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নির্ধারিত সময়সূচি (Schedule) অনুযায়ী কিস্তি পরিশোধে ব্যর্থ হলে, বকেয়া প্রতিটি কিস্তির (EMI) উপর ৮% হারে সার্ভিস চার্জ আরোপ করা হবে।

৬.৫ **গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের মেয়াদ:** গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ৪ (চার) বছর, যা ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ সমান মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য হবে। তবে ঋণ গ্রহীতার সুবিধার্থে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে গ্রেস পিরিয়ড হ্রাস এবং কিস্তির পরিমাণ সর্বোচ্চ ৪৮ (আটচল্লিশ) টি সমান মাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে।

৬.৬ **ঋণের ব্যবহার:** শিল্পায়নের মাধ্যমে দেশের সামগ্রিক কর্মসংস্থান বৃদ্ধি ও অর্থনীতিকে শিল্পবান্ধব করতে ব্যবসায়সমূহকে চাঙ্গাকরণ ও টেকসইকরণে এসএমই খাতের ভূমিকা অনুচ্ছেদ ৬.১ এ বর্ণিত খাতের উদ্যোক্তাদের ব্যবসা চালু রাখা বা পরিচালনার জন্য চলতি মূলধন (ওয়ার্কিং ক্যাপিটাল), মূলধনী যন্ত্রপাতি আমদানি এবং ব্যবসায় সম্প্রসারণের উদ্দেশ্যে এ ঋণ বিতরণ করা যাবে। ঋণ খেলাপি কোনো উদ্যোক্তাকে অত্র প্যাকেজের আওতায় কোন ঋণ বিতরণ করা যাবে না। এছাড়া, **গ্রাহকের বিদ্যমান কোনো ধরণের ঋণ (এমনকি ব্যক্তিগত ঋণও) সমন্বয় বা টেক ওভারের উদ্দেশ্যে অত্র প্যাকেজের ঋণ প্রদান করা যাবে না। এছাড়া অনুৎপাদনশীল খাত; যেমন মুদি দোকান, ঔষধ বিক্রেতা, হার্ডওয়ার বিক্রেতা এবং পরিবেশ দুষণ ঘটায় যেমন ইটভাটা, তামাকজাত দ্রব্য প্রস্তুতকারী ও বিক্রেতা এবং কৃষি ঋণের আওতাভুক্ত কোনো খাতকে এ কর্মসূচির আওতায় ঋণ প্রদান করা যাবে না।**

চলমান পাতা ০৩

৬.৭ **সিজনাল বা স্বল্প মেয়াদী ঋণ:** পণ্য উৎপাদনকালীন সময়ে কাঁচামাল ক্রয়ের জন্য সিজনাল ঋণ বা স্বল্প মেয়াদী (সর্বোচ্চ ১ বছর) ঋণ প্রদান করা যাবে যা ঋণের মেয়াদ শেষে এককালীন এসএমই ফাউন্ডেশনকে পরিশোধ যোগ্য হবে।

**৬.৮ অংশীদার ব্যাংক কর্তৃক এসএমই ফাউন্ডেশনকে তহবিল ফেরত প্রদান**

- এসএমই ফাউন্ডেশন হতে প্রদত্ত তহবিল এবং সার্ভিস চার্জ অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর অনুকূলে তহবিল ছাড়ের তারিখ হতে ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করবে;
- তবে স্বল্প মেয়াদী সিজনাল ঋণের ক্ষেত্রে সমুদয় তহবিল এক কিস্তিতে পরিশোধ করবে যা পে-অর্ডার কিংবা জনতা বাংক লি., ইউজিসি ভবন কর্পোরেট শাখায় রক্ষিত হিসাবে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (বিইএফটিএন) এর মাধ্যমে পরিশোধ করতে হবে;
- তহবিল পরিশোধের ক্ষেত্রে কিস্তির পরিমাণ ও পরিশোধের তারিখসহ 'পরিশোধসূচি/রিপেমেন্ট সিডিউল' উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণের ধরণের ওপর ভিত্তি করে নির্ধারণ করা হবে যা উভয় প্রতিষ্ঠানের সম্মতির মাধ্যমে চূড়ান্ত করা হবে এবং যা মূল চুক্তির অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে।

**০৭। ফাউন্ডেশন হতে তহবিল ছাড় এবং উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণ ঃ**

- অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ঋণ বিতরণের পূর্বে (Pre-Finance) অথবা পরে (Re- Finance) সম্পূর্ণ কিংবা আংশিক তহবিল CWMS সফটওয়্যারের মাধ্যমে Claim করতে পারবে, যা ফাউন্ডেশন হতে যাচাই-বাছাই সাপেক্ষে ছাড় করার জন্য বিবেচনা করা হবে;
- সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে CWMS সফটওয়্যারের মাধ্যমে তহবিল ছাড়ের আবেদন এবং ডিমান্ড প্রমিজারি নোট (DP note) স্বাক্ষরের মাধ্যমে ফাউন্ডেশন হতে তহবিল ছাড় করা হবে;
- Pre-Finance এর ক্ষেত্রে ফাউন্ডেশন হতে তহবিল ছাড়ের সর্বোচ্চ ৬০ (ষাট) দিনের মধ্যে ছাড়কৃত তহবিল সম্পূর্ণ ব্যবহার অর্থাৎ উদ্যোক্তাদের অনুকূলে ঋণ হিসেবে বিতরণ করবে। এক্ষেত্রে উদ্যোক্তার অনুকূলে ঋণ মঞ্জুরি পত্র (loan sanction letter) এবং উদ্যোক্তার হিসাবে ঋণ ছাড়ের স্টেটমেন্ট এর কপি ফাউন্ডেশনে প্রেরণ করতে হবে।
- ফাউন্ডেশন হতে তহবিল ছাড়ের ৬০ (ষাট) দিনের মধ্যে ঋণ বিতরণ করা সম্ভব না হলে, অবিতরণকৃত তহবিল পরবর্তী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে গ্রাহক পর্যায়ে সুদের হার ৮% অনুযায়ী সুদসহ এসএমই ফাউন্ডেশনকে ফেরত প্রদান করবে।

**০৮। চুক্তির মেয়াদঃ**

৮.১ **চুক্তির মেয়াদ:** চুক্তির মেয়াদকাল ৫ (পাঁচ) বছর, যা চুক্তি স্বাক্ষরের তারিখ হতে কার্যকর হবে। উক্ত সময়সীমার মধ্যে ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলো এসএমই ফাউন্ডেশন হতে তহবিল ছাড় করবে, ঋণ বিতরণ সম্পন্ন করবে এবং নির্ধারিত পরিশোধসূচি অনুযায়ী সমুদয় তহবিল প্রথম পক্ষের অনুকূলে ফেরত প্রদান করবে। এক্ষেত্রে ফাউন্ডেশন হতে তহবিল ছাড়ের সময়সীমা হবে চুক্তি স্বাক্ষরের তারিখ হতে সর্বোচ্চ ০১(এক) বছর।

**০৯। ঋণের আবেদনপত্র দাখিল, ঋণ গ্রাহক বাছাই, ঋণ মঞ্জুরি ও বিতরণ, আদায় এবং ঋণ ঝুঁকিঃ**

৯.১ **ঋণের জন্য আবেদন:** ঋণ গ্রহণে আগ্রহী উদ্যোক্তারা সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নির্ধারিত শাখায় সরাসরি যোগাযোগ করে ঋণ আবেদন করবেন। আবেদনের সময়ে উদ্যোক্তারা ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় ডকুমেন্ট এবং প্রমাণাদিসহ পূর্ণাঙ্গ (Complete) আবেদনপত্র দাখিল করবেন। অসম্পূর্ণ আবেদনপত্র ঋণের জন্য বিবেচনা করা হবে না।

৯.২ **ঋণ মঞ্জুরি ও বিতরণ:** ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ঋণ আবেদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের একটি চেকলিস্ট ঋণ গ্রহণে আগ্রহী উদ্যোক্তাদের সরবরাহ করবে। ঋণের আবেদনপত্র প্রাপ্তির পর ব্যাংক অগ্রাধিকারভিত্তিতে ঋণ মঞ্জুরি ও বিতরণের উদ্যোগ গ্রহণ করবে। এক্ষেত্রে কোন ডকুমেন্ট বা কাগজপত্রের ঘাটতি থাকলে, ব্যাংক কর্তৃপক্ষ বিষয়টি সংশ্লিষ্ট উদ্যোক্তাকে সর্বোচ্চ ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অবহিত করবে এবং নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করে তা দাখিল/প্রতিপালনের জন্য পরামর্শ প্রদান করবে। উদ্যোক্তা উক্ত সময়সীমার মধ্যে ডকুমেন্ট দাখিল কিংবা শর্ত প্রতিপালন করতে না পারলে, সেক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কারণ উল্লেখপূর্বক উক্ত আবেদনপত্র উদ্যোক্তাকে ফেরত প্রদান করতে পারবে।

**৯.৩ ঋণ মঞ্জুরি ও বিতরণের জন্য সময়সীমা:**

৯.৩.১ সুনির্দিষ্ট কোন কারণ না থাকলে, প্রয়োজনীয় ডকুমেন্টসহ 'পূর্ণাঙ্গ ঋণ আবেদনপত্র' ব্যাংকের নিকট দাখিলের সর্বোচ্চ ১৫ কর্মদিবসের মধ্যে ব্যাংক ঋণ মঞ্জুর করে গ্রাহকের অনুকূলে বিতরণের জন্য উদ্যোগ গ্রহণ করবে।

চলমান পাতা ০৪

৯.৩.২ কোন কারণে ১৫ কর্মদিবসের মধ্যে ঋণ মঞ্জুরি ও বিতরণ করা সম্ভব না হলে, ঋণ মঞ্জুরি না হওয়ার কারণ এবং এবিষয়ে কোন পরামর্শ থাকলে, তা উল্লেখ করে- ব্যাংক উদ্যোক্তাকে বিষয়টি অবহিত করবে। ঋণ আবেদনকারী বর্ণিত সময়সীমা বৃদ্ধি কিংবা পুনরায় ঋণ আবেদন করতে পারবেন।

৯.৩.৩ ঋণের গ্রাহক নির্বাচন ও ঋণ মঞ্জুরির ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশনের সরাসরি কোন ভূমিকা কিংবা সংশ্লিষ্টতা থাকবে না। ব্যাংক ফাউন্ডেশনের সাথে স্বাক্ষরিত চুক্তির নির্দেশনা ও শর্তাবলী অনুসরণ করে তাদের নিজস্ব নীতিমালা/ক্রাইটেরিয়া অনুযায়ী ঋণ মঞ্জুর ও বিতরণ করবে।

**৯.৪ ঋণ আদায়ের দায়িত্ব ও ঋণ ঝুঁকি:**

৯.৪.১ ঋণ আদায়ের দায়-দায়িত্ব এবং ঋণ ঝুঁকি (credit risk) বাংলাদেশ কৃষি ব্যাংকের ও আর্থিক প্রতিষ্ঠানের ওপর বর্তাবে। অর্থাৎ ঋণ বিতরণ ও আদায়ে এসএমই ফাউন্ডেশনের কোন দায় এবং ঋণ ঝুঁকি (credit risk) থাকবে না। তবে উপযুক্ত এসএমই উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ নিশ্চিতকরণে ফাউন্ডেশন সার্বিকভাবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে সবরকম সহযোগিতা প্রদান করবে।

**৯.৫ গ্রুপভিত্তিক ঋণ:**

৯.৫.১ সাধারণভাবে একক মালিকানাধীন (প্রোপাইটরশিপ) ও অংশীদারি মালিকানাধীন (পার্টনারশিপ) ও প্রাইভেট লিমিটেড উদ্যোগের অনুকূলে ঋণ বিতরণ করা হবে। তবে প্রান্তিক ও ক্ষুদ্র উদ্যোক্তা বিশেষ করে নারী উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার লক্ষ্যে ব্যাংকার-কাস্টমার সম্পর্ক ও ঐক্যমতের ভিত্তিতে- সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন উদ্যোক্তার অনুকূলে গ্রুপভিত্তিক ঋণ বিতরণ করা যাবে।

৯.৫.২ **বিশেষ অগ্রাধিকার:** দ্বিতীয় পক্ষ ঋণের/বিনিয়োগের গ্রাহক নির্বাচন ও ঋণ/বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে নিম্নের শর্ত অনুসরণে করবে,

- ৯.৫.২.ক. ন্যূনতম ২৫% ঋণ নারী উদ্যোক্তাদের মধ্যে বিতরণ করতে হবে। উক্ত নারী উদ্যোক্তাদের মধ্যে বিতরণকৃত ঋণের কমপক্ষে ৫০% ম্যানুফ্যাকচারিং ও ভ্যালু চেইন খাতের উদ্যোক্তাদের অনুকূলে প্রদান করতে হবে।
- ৯.৫.২.খ. ন্যূনতম ২০% ঋণ ক্লাস্টারে বিতরণ করতে হবে;
- ৯.৫.২.গ. ন্যূনতম ৩০% তহবিল ১০.০০ (দশ) লক্ষ টাকা বা তদনিম্ন পরিমাণের ঋণ হিসেবে বিতরণ করতে হবে;
- ৯.৫.২.ঘ. ন্যূনতম ৬০% উৎপাদনখাত সংশ্লিষ্ট উদ্যোক্তাদের বিতরণ করতে হবে, অবশিষ্ট তহবিল সেবা খাত ও ভ্যালু চেইন খাতে বিতরণ করতে হবে। তবে ভ্যালুচেইন খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ মোট ঋণের ২০% এর বেশি হবে না (ভ্যালুচেইন সংজ্ঞা: ভ্যালুচেইন বলতে কোন খাত বা ক্লাস্টারের সঙ্গে জড়িত আনুষাঙ্গিক ফরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিংকেজ ব্যবসাকে বুঝাবে। উদাহরণ স্বরূপ টেক্সটাইল খাতের প্রয়োজনীয় কাঁচামাল যেমন; সুতা, রং, স্ক্রিন প্রিন্ট, প্যাকেজিং, খুচরা যন্ত্রাংশ বিক্রেতা, সরবরাহকারী এবং উৎপাদিত পণ্য পাইকারী ও খুচরা বিক্রেতা)
- ৯.৫.২.ঙ. এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হবে;
- ৯.৫.২.চ. সারাদেশের ট্রেডবডি, এসএমই অ্যাসোসিয়েশন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব, ক্লাস্টারসহ অন্যান্য অ্যাসোসিয়েশনের উদ্যোক্তাদের আবেদন যথাযথ গুরুত্ব দিয়ে নিষ্পন্ন করার উদ্যোগ নিবে;তবে প্রয়োজনে উদ্যোক্তা নির্বাচনে ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৯.৫.৩ **ক্লাস্টার উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন:** প্রাইম ক্লাস্টারের উন্নয়ন, উদ্যোক্তাদের অর্থায়নে উপযোগী করে গড়ে তোলা এবং ঋণের সঠিক ব্যবহারের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন এবং অংশগ্রহণকারী ব্যাংকের উদ্যোগে যৌথ কর্মসূচি গ্রহণ করা হবে যা উভয় প্রতিষ্ঠানের অংশগ্রহণ ও সম্মতিতে বাস্তবায়ন করা হবে।

**৯.৬ অ্যাসোসিয়েশনের মাধ্যমে ঋণ আবেদন এবং ঋণ আদায়ে সহযোগিতা:**

৯.৬.১ আলোচ্য কর্মসূচির ক্ষেত্রে উদ্যোক্তা সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনগুলোকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সংযুক্ত করা হবে বিধায় উদ্যোক্তারা অ্যাসোসিয়েশনের মাধ্যমে ঋণের জন্য আবেদন করতে পারবেন। এছাড়া অ্যাসোসিয়েশনগুলো তাদের সদস্য উদ্যোক্তাদের মধ্যে- যারা ঋণ গ্রহণে আগ্রহী এবং যোগ্য, তাদের তালিকা সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান শাখায় প্রেরণ করতে পারবে। এ লক্ষ্যে অ্যাসোসিয়েশনগুলোতে একজন করে ফোকাল পারসন থাকতে পারে যিনি সময়ে সময়ে ব্যাংকের সাথে যোগাযোগ করবেন, ঋণ মঞ্জুরি ও বিতরণের বিষয়টি ফলোআপ করবেন এবং প্রয়োজনে ঋণ আদায়ে সহযোগিতা করবেন।

৯.৭ এসএমই ফাউন্ডেশন এবং বিভিন্ন উদ্যোক্তা অ্যাসোসিয়েশন ও ট্রেডবডি হতে প্রেরিত উদ্যোক্তাদের তালিকা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এ নীতিমালা এবং প্রচলিত যাবতীয় বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে যথেষ্ট গুরুত্ব দিয়ে বিবেচনা করবে।

চলমান পাতা ০৫

১০। **ঋণ হিসাবায়ন খাত ঃ** বাংলাদেশ কৃষি ব্যাংক ক্রেডিট বিভাগের ২৮ আগস্ট, ২০২২ তারিখের সার্কুলার লেটার নম্বর ঃ বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)এসএমই-৬(২)/২০২২-২০২৩/৫৩৫(১২৫০) মোতাবেক এসএমই ফাউন্ডেশন রিভলভিং ফান্ড এর আওতায় মেয়াদী ঋণসমূহের জন্য বরাদ্ধকৃত মূল খাত ১০২ এর উপখাত ১০২/৩৫ এ হিসাবভুক্ত করতে হবে।

১১। **মনিটরিং এন্ড রিপোর্টিং**

**১১.১ মনিটরিং:** এসএমই ফাউন্ডেশন ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করবে। অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ বিতরণের পর এসএমই ফাউন্ডেশনের নিজস্ব পদ্ধতি ও লোকবল দ্বারা ঋণ সরেজমিনে পরিদর্শন করে- চুক্তি অনুযায়ী এবং সঠিক উদ্যোক্তার অনুকূলে ঋণ বিতরণ করা হয়েছে কিনা তা যাচাই ও নিশ্চিত করবে। এছাড়া ঋণ বিতরণ ও আদায়ে ব্যাংককে সহযোগিতা করার লক্ষ্যে ফাউন্ডেশন প্রতিটি সাব-সেক্টর/ক্লাস্টার/অঞ্চল/গ্রুপে একজন কর্মকর্তাকে ফোকাল পারসন হিসেবে নিযুক্ত করবে, যিনি ঋণের গ্রাহক বাছাইসহ আদায় পর্যন্ত প্রতিটি পর্যায়ে ব্যাংককে প্রয়োজনীয় সহযোগিতা ও সমন্বয় করবেন। ঋণ বিতরণ পরবর্তীতে ফাউন্ডেশনের পক্ষ হতে উদ্যোক্তাদের সরেজমিনে পরিদর্শন করা হবে।

**১১.২ রির্পোটিং:** উদ্যোক্তা পর্যায়ে বিতরণকৃত ঋণের মাসিক অগ্রগতি CWMS সফটওয়্যারে আপডেট করতে হবে এবং সংশ্লিষ্ট ঋণের পরিশোধ পরিস্থিতি অনুযায়ী CIB স্ট্যাটাস যথাযথভাবে উল্লেখ করতে হবে।

১২। **ঋণ বিতরণ নিশ্চিতকল্পে এসএমই ফাউন্ডেশনের পদক্ষেপঃ**

**১২.১ ঋণ বিতরণে অন্যান্য প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ:** আলোচ্য ঋণ কর্মসূচির মূল উদ্দেশ্যের সাথে সংগতি রেখে অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী ঋণের সুবিধা যাতে গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাগণ প্রাপ্ত হন, সে লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন সম্ভব সকল পদক্ষেপ গ্রহণ করবে। এসএমই ফাউন্ডেশন প্রতিটি জেলায় সংশ্লিষ্ট জেলা প্রশাসনসহ স্থানীয় প্রশাসন, বাংলাদেশ ব্যাংক, বিসিক, মহিলা অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা চেম্বার, নাসিব, নারী উদ্যোক্তা সংগঠন, এনজিও ইত্যাদি উদ্যোক্তা সহায়তাকারী প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করবে।

১২.২ উদ্যোক্তাদের অনুকূলে দ্রুততম সময়ে এবং যথাযথভাবে ঋণ বিতরণ নিশ্চিতকরণ ও ত্বরান্বিতকরণের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন হতে বিভিন্ন ধরনের সহযোগিতামূলক অ-আর্থিক (নন-ফাইনান্সিয়াল) কর্মসূচি গ্রহণ করা হবে। যেমন- ঋণ সংযোগকরণ, লিংকেজ, ফাইনান্সিয়াল লিটারেসি, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি। এছাড়া উদ্যোক্তাদেরকে ঋণ গ্রহণ ও বাস্তবায়নের উপযোগী করার জন্য এসএমই ফাউন্ডেশনের প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ করবে।

**১২.৩ ফোকাল ব্যাংক শাখা ও কর্মকর্তা নির্ধারণ:** এসএমই ফাউন্ডেশন অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে উদ্যোক্তাদের জন্য সুবিধাজনক এক বা একাধিক শাখা এবং প্রতিটি শাখায় একজন ফোকাল কর্মকর্তা নির্ধারণ করবে। উদ্যোক্তারা ঋণের বিষয়ে ফোকাল কর্মকর্তাদের সাথে যোগাযোগ করবেন। এছাড়া প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে একজন ফোকাল কর্মকর্তা থাকবেন, যিনি এসএমই ফাউন্ডেশন, ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখা এবং উদ্যোক্তাদের সাথে সমন্বয় সাধন করবেন।

**১২.৪ উদ্যোক্তা ও ব্যাংকের সাথে সমন্বয়:** উদ্যোক্তারা অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে কাংক্ষিত সেবা/সহায়তা প্রাপ্ত না হলে কিংবা ঋণের ক্ষেত্রে অযৌক্তিকভাবে বিলম্ব হলে কিংবা ঋণের বিষয়ে উদ্যোক্তাদের সুনির্দিষ্ট অভিযোগ থাকলে-উদ্যোক্তাগণ এবিষয়ে এসএমই ফাউন্ডেশনকে অবহিত করতে পারবেন। এলক্ষ্যে এসএমই ফাউন্ডেশনে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা থাকবেন (ফোকাল পারসন), যার সাথে উদ্যোক্তারা সরাসরি যোগাযোগ করতে পারবেন। তিনি উদ্যোক্তাদের বিষয়সমূহ ফলো-আপসহ উদ্যোক্তাদের সাথে অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংযোগ স্থাপন করবেন। উদ্যোক্তাগণ অনলাইনের মাধ্যমেও ফাউন্ডেশনের সাথে যোগাযোগ করতে পারবেন।

**১২.৫ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের দায়িত্ব ও করণীয়:** আলোচ্য ঋণ কর্মসূচির আওতায় অংশীদার ব্যাংক চুক্তির শর্ত ও অগ্রাধিকার মোতাবেক ক্লাস্টারভিত্তিক শিল্প উন্নয়ন, নারী উদ্যোক্তা উন্নয়ন, জলবায়ু সহনশীল বিনিয়োগ সম্প্রসারণ, বিদেশ ফেরত অভিবাসীদের অর্থনৈতিক পুনর্বাসন এবং সবুজ প্রযুক্তি গ্রহণে সহায়তা প্রদানের লক্ষ্যে উদ্যোগ ও প্রচেষ্টা গ্রহণ করবে। প্রয়োজনীয় ক্ষেত্রে পৃথক ঋণ প্রকল্প (Loan product) চালু করবে এবং এবিষয়ে প্রধান কার্যালয় হতে আঞ্চলিক ও শাখা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। নারী উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার লক্ষ্যেও ব্যাংক বিশেষ কর্মসূচি গ্রহণ করবে। এছাড়া অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবিষয়ে এসএমই ফাউন্ডেশন ও সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনকে সময়ে সময়ে প্রয়োজনীয় তথ্য প্রদান ও অন্যান্য সহযোগিতা করবে।

**১২.৬ পরিবেশ ও জলবায়ু সংরক্ষণ:** এসএমই ফাউন্ডেশন এর ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে পরিবেশ ও জলবায়ু সংরক্ষণের বিষয়ে অগ্রাধিকার প্রদান করে। উদ্যোক্তাদের মধ্যে ঋণ প্রদানের ক্ষেত্রে পরিবেশ দূষণকারী বা জনস্বাস্থ্যের জন্য হুমকিস্বরূপ কোনো প্রতিষ্ঠান যেন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সুবিধা না পায় সেলক্ষ্যে সর্বাত্মক চেষ্টা করতে হবে।

চলমান পাতা ০৬

**১৩। চুক্তির পরিবর্তন ও সংশোধন**

আলোচ্য কর্মসূচির আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সহজ ও ত্বরান্বিত এবং অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ নিশ্চিতকল্পে এসএমই ফাউন্ডেশন এবং অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান- উভয় পক্ষের সম্মতি এবং সে অনুযায়ী ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের অনুমোদন অনুযায়ী নীতিমালার প্রয়োজনীয় পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন করা হবে।

**১৪।** এমতাবস্থায়, বৈশ্বিক ও জাতীয় অর্থনৈতিক প্রেক্ষাপট, জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি, অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোক্তা গোষ্ঠীর অর্থায়ন চাহিদা এবং আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ছাড়কৃত তহবিল দ্বারা গঠিত 'রিভলভিং ফান্ড' হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় ঋণ বিতরণের লক্ষ্যে উক্ত নীতিমালা জারি করা হলো। উক্ত নীতিমালা অনুসরণপূর্বক আলোচ্য রিভলভিং ফান্ড হতে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। এ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করে মাসিক ঋণ বিতরণ বিবরণী (সংযোজনী-১) এবং সঠিকভাবে ঋণ বিতরণ করা হয়েছে মর্মে বিভাগীয় কার্যালয়ের প্রত্যয়নসহ (সংযোজনী-২) পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ঋণ বিতরণ সংক্রান্ত তথ্যাদি দৈনিকভিত্তিতে ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে ।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(আশ্রেরাফুজ্জামান খান)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ-০২৪৭-৭১১৫৩৪৪

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৬(২)/২০২৫-২০২৬/৯৬ তারিখঃ ১৮/০৫/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটিব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড এবং আলোচ্য ঋণের সুদের হার,দন্ড সুদ,ঋণের মেয়াদকাল,কিস্তির সংখ্যা ও পরিমান সংক্রান্ত ফিচার সমূহে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

১৮/০৫/২৬

(মোঃ রফিকুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষিব্যাংক

" ঋণ মঞ্জুরীপত্রের নমুনা কপি "

-----------শাখা।

--------- অঞ্চল।

মঞ্জুরীপত্র (শাখা হতে ঋণ গ্রহিতা)

**এসএমই ফাউন্ডেশন কর্তৃক পুনঃঅর্থায়নকৃত**

নং: তারিখ:

বিষয়ঃ **এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় জনাব/মেসার্স------------------------------- এর অনুকূলে এসএমই খাতে ----------------------- টাকা মেয়াদী ঋণ মঞ্জুরী প্রসঙ্গে।**

জনাব/মেসার্স
প্রোঃ/মালিক/পরিচালক
ঠিকানা

আপনার -----------তারিখের আবেদনের প্রেক্ষিতে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং------------/২০২৬, তারিখ --------- মোতাবেক এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রথম বিতরণের তারিখ হতে পরবর্তী ----------------মধ্যে পরিশোধের জন্য ------------ লক্ষ টাকা মেয়াদী ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছেঃ

| | | |
|---|---|---|
| ১। | সুযোগ সুবিধার ধরণ | ঃ এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় পুনঃ অর্থায়নযোগ্য। |
| ২। | মঞ্জুরীর বিভাজন | ঃ দায়-বন্ধকিতে ----------- লক্ষ টাকা। |
| ৩। | মোট টাকা | ঃ দেশীয় মুদ্রায় ------------- লক্ষ টাকা। |
| ৪। | ঋণ মার্জিন অনুপাত | ঃ--------- ঃ ----------। |
| ৫। | সংগ্রহ পদ্ধতি | ঃ |
| ৬। | জামানত/ সহায়ক জামানত | ঃ এল,এফ-৫ মোতাবেক প্রচলিত নিয়ম অনুযায়ী প্রস্তাবিত জামানতি সম্পত্তি ব্যাংকে বন্ধক থাকবে। |
| ৭। | জামানত / সহায়ক জামানতের উপর চার্জ | ঃ ব্যাংকের প্রচলিত নিয়মে প্রথম চার্জ সৃষ্টি করতে হবে। |
| ৮। | দলিলসম্পাদন | ঃ সংযুক্তি 'ক' মোতাবেক। |
| ৯। | সুদেরহার | ঃ ঋণের সুদের হার ৮.০০%। ক্রমহ্রাসমান স্থিতি (রিডিউসিং ব্যালেন্স) পদ্ধতিতে হিসাবায়ন হবে। |
| ১০। | ঋণ পরিশোধ পদ্ধতি | ঃ ক) **মেয়াদী ঋণ:** .........মাস গ্রেস পিরিয়ডসহ ............বছর মেয়াদে..........টি সমমাসিক কিস্তিতে পরিশোধযোগ্য প্রতি কিস্তির পরিমান................টাকা । উপরোক্ত হারে কিস্তি পরিশোধ করার পর অবশিষ্ট পাওনা থাকলে তা শেষ কিস্তির সাথে পরিশোধ করতে হবে।<br>**খ) স্বল্প মেয়াদী ঋণ:** আগামী .............তারিখের মধ্যে (সর্বোচ্চ ১ বছর) সুদ-আসলে এককালীন পরিশোধযোগ্য। |
| ১১। | বীমা | ঃ ঋণের বিপরীতে দায়বদ্ধ মালামালের জন্য বিকেবি, জেনারেল ক্রেডিট বিভাগের সার্কুলার লেটার নং-প্রকা/জেঃক্রেঃবিঃ/৪(৩২)/২০২৩-২০২৪/১৪৩৮,তারিখঃ০৭/০২/২০২৪ এবং প্রকা/জেঃক্রেঃবিঃ/৪(৩২)/২০২৩-২০২৪/১৮৪৬(১২৫০), তারিখঃ ৩০/০৬/২০২৪ মোতাবেক বীমা করতে গ্রহন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ১২। | ঋণ তত্ত্বধান/পরিধারণঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে। |
| ১৩। | অন্যান্য শর্তাবলী | ঃ পুনঃঅর্থায়ন না পাওয়া গেলে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রচলিত সুদ হারে ঋণটি সুদ-আসলে পরিশোধ করতে হবে। |

উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময়ে আরো নতুন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা মঞ্জুরিকৃত ঋণ প্রদান বন্ধ/বাতিল করার বা ঋণের সমুদয় টাকা ফেরত চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষন করে। উল্লেখিত শর্তসমূহ আপনার নিকট গ্রহনযোগ্য হলে মঞ্জুরীপত্রের কপিতে "পড়িয়া বুঝিলাম এবং শর্তসমূহ পরিপালনের জন্য স্বীকারোক্তি করিলাম "লিখে স্বাক্ষর প্রদান করতঃ আগামী ------------ তারিখের মধ্যে শাখার নিকট ফেরত পাঠাতে হবে।

আপনার বিশ্বস্ত

(স্বাক্ষর)
নামঃ
পদবীঃ
কর্মস্থলঃ

সংযুক্তি 'ক'

বাংলাদেশ কৃষিব্যাংক

-----------শাখা।

--------- অঞ্চল।

**বিষয়ঃ এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় জনাব/মেসার্স------------------------------ অনুকূলে এসএমই খাতে ---------------------- টাকা মেয়াদী ঋণ মঞ্জুরী প্রসঙ্গে।**

চলতিমূলধন/নগদ পুঁজি ঋণের বিশেষ শর্তাবলীঃ

(ক) প্রতিষ্ঠানের নাম ও অবস্থান ঃ

(খ) জামানত/সহযোগী জামানত ঃ (প্রযোজ্য ক্ষেত্রে)

(১) প্লেজ/হাইপোথিকেশন;

(২) শাখার পূর্বানুমান প্রতিবেদন (এল,এফ-৫) অনুযায়ী প্রস্তাবিত জামানতী সম্পত্তি যথানিয়মে বন্ধক থাকবে। তাছাড়া প্রকল্প / প্রতিষ্ঠানের সকল স্থাপনা ও যন্ত্রপাতি, বর্তমান ও ভবিষ্যৎ সম্পদাদি ইত্যাদি বন্ধক থাকবে;

(৩) হলফনামা (এল,এফ-৯);

(৪) পাওয়ার অব এটর্নী, বন্ধককৃত সম্পত্তি সরাসরি নিলামে বিক্রির জন্য আইন বিভাগ কর্তৃক জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০৯/২০০৫, তারিখ ২০/১১/২০০৫ অনুযায়ী;

(৫) স্বত্ব দলিলাদি জমা দেয়ার স্মারকলিপি (এল,এফ-১৯) পৌর এলাকার জমিবন্ধক নেয়া হলে;

(৬) স্বত্বাধিকারীর প্রতিষ্ঠা সংক্রান্ত অবহিতকরনপত্র (এল,এফ-৪৪);

(৭) আইন বিভাগের পত্রনং-প্রকা/আইন-১০৫৯/০৫-০৬/৪৫৮(১২৫০), তারিখ ১৩/০৯/২০০৫ অনুযায়ী বন্ধকী সম্পত্তির ২৫ বছরের মালিকানা লিপিবদ্ধকরন ও দলিলায়ন সম্পাদন করতে হবে।

(৮) বাংলাদেশ কৃষি ব্যাংক ,প্রধান কার্যালয় এর জেনারেল ক্রেডিট বিভাগের ১৯/১২/২০২৪ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৩/২০২৪ অনুযায়ী বন্ধকী দলিল সম্পাদন করতে হবে।

(গ) বিনা জামানতে ঋণ প্রদানের ক্ষেত্রেঃ

১) ব্যাংকের নিকট গ্রহনযোগ্য স্বামী/স্ত্রী/পিতা/মাতা/ভাই/বোন সহ পরিবারের যেকোন একজন স্বচ্ছল সদস্য এবং অন্য একজন আর্থিকভাবে সামর্থবান ও সামাজিক সুনামের অধিকারী তৃতীয় পক্ষের ব্যক্তিগত জামানত।

২) ঋণের প্রতিটি কিস্তির জন্য ভবিষ্যতে নগদায়নযোগ্য কিস্তির সংখ্যানুযায়ী অগ্রিম চেক এবং সুদসহ সম্পূর্ন ঋণসীমার জন্য একটি অগ্রিম তারিখ সম্বলিত চেক।

(ঘ) দলিলপত্র সম্পাদন(Documentation) (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

(১) ডিপি নোট একক ও যৌথভাবে;

(২) লেটার অব কনটিনিউটি (এলএফ-৬০ই);

(৩) রিভাইভাল লেটার (এলএফ-৬০জি);

(৪) সকল পরিচালকদের/উদ্যোক্তাদের নিকট হতে ব্যক্তিগত গ্যারান্টি একক ও যৌথ নামে (এলএফ-৬০আই);

(৫) পরিচালকদের/উদ্যোক্তাদের সম্পদ ও দায়ের ঘোষনা (পৃথক পৃথক ভাবে);

(৬) ঋণ হিসাবের স্থিতি নিশ্চয়নপত্র;

(৭) দলিল সম্পাদনের ২১ (একুশ) দিনের মধ্যে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানিতে চার্জ সৃষ্টি করতে হবে (কোম্পানি/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৮) ব্যাংকের সাথে দলিলাদি সম্পাদন ও ঋণ গ্রহনের জন্য রেজুলেশন(কোম্পানী/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৯) এগ্রিমেট ফর ক্যাশ ক্রেডিট

ক) মালামাল হাইপোথিকেশন (এলএফ-৬০বি/এলএফ-৬০সি);

খ) হাইপোথিকেশন অব ডেট্স এন্ড এ্যাসেট্স (এলএফ-৬০ডি);

(১০) অন্য কোথাও বন্ধক/চার্জ সৃষ্টি করবেন না মর্মে কোম্পানী/উদ্যোক্তা থেকে অংগীকারনামা;

(১১) ষ্টক থেকে মালামাল চুরি, ঘাটতি হলে তার দায়-দায়িত্ব উদ্যোক্তার/কোম্পানীর উপর বর্তাবে মর্মে ঘোষনা;

(১২) ব্যাংক কর্তৃক ব্যবসায়ের ব্যবস্থাপনা, স্থায়ী সম্পদ বিক্রি অথবা উপ-বন্ধক প্রদান করতে পারার বিষয়ে ঋণগ্রহীতার ক্ষমতা অর্পনপত্র;

(১৩) লেটার অব ডিসক্লেইমার (এলএফ-৬০এফ) গোডাউন ভাড়ার ক্ষেত্রে;

(১৪) গুদামের ব্যবহারিক দখলীস্বত্ব উদ্যোক্তা কর্তৃক ব্যাংকের বরাবরে হস্তান্তরের ক্ষমতাদান (প্রযোজ্য ক্ষেত্রে);

(১৫) রেজিস্টার্ড পার্টনারশীপ দলিল (অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে);

(১৬) সম্মতিপত্র (Letter of Acceptance);

(১৭) অন্যান্য প্রযোজ্য দলিলাদি।

(ঙ) অপারেশন পরিপত্র নং- ১২১/৯৩, তারিখ ০৫/১২/৯৩ মোতাবেক 'টাস্ক ফোর্স' কর্তৃক ঋণটি তদারকী করতে হবেএবং ভবিষ্যতে ঋণ প্রস্তাবের সাথে অবশ্যই টাস্কফোর্স প্রতিবেদন পাঠাতে হবে।

(চ) পরিদর্শন ঃ হাইপোথিকেটেড পন্য নিয়মিত ভাবে যাচাই করতে হবে এবং অপারেশন পরিপত্র নং-৪/৯৪, তারিখ ০৯/০১/৯৪ ও ৫/৯৫, তারিখ ১৫/০১/৯৫ এর নির্দেশনা অনুসরন করতে হবে।

(ছ) অন্যান্য শর্তাবলী ঃ (প্রয়োজন মোতাবেক)।

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
এসএমই বিভাগ

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমই-৬(৯)/২০২৫-২৬/ ৮৩৬(১২৫০) তারিখঃ ১৮/০৫/২০২৬খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড হতে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে (মেয়াদকাল ০৮ এপ্রিল, ২০২৭পর্যন্ত)।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৩/২০২৬, তারিখঃ ১৮/০৫/২০২৬খ্রিঃ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বৈশ্বিক ও জাতীয় অর্থনৈতিক প্রেক্ষাপট, জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি, অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোক্তা গোষ্ঠীর অর্থায়ন চাহিদা এবং আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড হতে ৪র্থ দফায় সারাদেশের অগ্রাধিকারপ্রাপ্ত খাত, ক্লাস্টারভিত্তিক শিল্প, নারী উদ্যোক্তা, জলবায়ু- ঝুঁকিপূর্ণ অঞ্চলের উদ্যোক্তা এবং বিদেশ ফেরত অভিবাসী উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে ঋণ বিতরণের উদ্দেশ্যে বিগত ০৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দে এসএমই ফাউন্ডেশন এবং বাংলাদেশ কৃষি ব্যাংক এর মধ্যে দ্বিপাক্ষিক অর্থায়ন চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে পুনঃঅর্থায়নের আওতায় উক্ত রিভলভিং ফান্ড হতে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য ২০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে যা ০৮ এপ্রিল ২০২৭ তারিখের মধ্যে বিতরন করতে হবে। পুনঃঅর্থায়নের আওতায় উক্ত রিভলভিং ফান্ড পরিচালনার জন্য উপরোক্ত পরিপত্র মূলে নীতিমালা অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে জারি করা হয়েছে।

০৩। ২০২৫-২০২৬ অর্থবছরে এসএমই ফাউন্ডেশন কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা ২০.০০ কোটি টাকা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বন্টন করা হলো, যা ০৮ এপ্রিল ২০২৭ তারিখের মধ্যে বিতরনযোগ্য ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (মেয়াদকাল ০৮ এপ্রিল, ২০২৭পর্যন্ত) |
|---|---|---|
| ১. | ঢাকা | ৩.০০ |
| ২. | ময়মনসিংহ | ৩.০০ |
| ৩. | চট্টগ্রাম | ২.০০ |
| ৪. | খুলনা | ২.৩০ |
| ৫. | বরিশাল | ১.০০ |
| ৬. | সিলেট | ১.৭০ |
| ৭. | কুমিল্লা | ৩.০০ |
| ৮. | ফরিদপুর | ২.০০ |
| ৯. | কুষ্টিয়া | ২.০০ |
| | মোট | ২০.০০ |

- বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার সিএমএসএমই ঋণস্থিতি, বিগত বছর অঞ্চলসমূহের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে লক্ষ্যমাত্রা বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বিভাগীয় কার্যালয়ের আওতাধীন মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এর লক্ষ্যমাত্রা প্রয়োজনে বিভাগীয় কার্যালয় বরাদ্দকৃত বাজেটের মধ্যে সমন্বয় করতে পারবেন এবং মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন শাখা সমূহের লক্ষ্যমাত্রা প্রয়োজনে মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় বরাদ্দকৃত বাজেটের মধ্যে সমন্বয় করতে পারবেন । অতিরিক্ত বাজেটের প্রয়োজনে অত্র বিভাগের সাথে যোগাযোগের পরামর্শ প্রদান করা হলো। বিভাগ, অঞ্চল ও শাখা ভিত্তিক বন্টনকৃত লক্ষ্যমাত্রার একটি অনুলিপি বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক আগামী ২১/০৫/২০২৬ তারিখের মধ্যে অত্র বিভাগের ইমেইল এ প্রেরণ করতে হবে। **ঋণ বিতরণ সংক্রান্ত তথ্যাদি দৈনিক ভিত্তিতে ব্যাংকের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে ।**

চলমান পাতা-০২

০৪। ঋণ আবেদন ফরম এবং ঋণ মঞ্জুরীপত্রে " **এসএমই ফাউন্ডেশন কর্তৃক পুনঃঅর্থায়নকৃত** " বাক্যটি লিখা থাকতে হবে (মঞ্জুরীপত্রের নমুনা কপি সংযুক্ত)। উল্লেখিত পুনঃঅর্থায়ন প্যাকেজের আওতায় বর্তমানে চলমান সুদের হার ৮%। এ কর্মসূচির আওতায় ঋণ বিতরণ করে মাসিক ঋণ বিতরণ বিবরণী (সংযোজনী-১), ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের প্রোফাইল (সংযোজনী-২), সঠিকভাবে ঋণ বিতরণ করা হয়েছে মর্মে মাঠ কার্যালয়ের প্রত্যয়নসহ (সংযোজনী-৩) পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে এসএমই বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক একীভূত বিবরণী, উদ্যোক্তাদের প্রোফাইল ও প্রত্যয়নপত্র উক্ত সময়সীমার মধ্যে সফট কপি ই-মেইলে (dgmsme@krishibank.org.bd) ও হার্ডকপি প্রেরণ নিশ্চিত করতে হবে। শাখা ও অঞ্চল হতে আলাদা কোন বিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না। স্থানীয় মুখ্য কার্যালয় সরাসরি এসএমই বিভাগে বিবরণী দাখিল করবে।

০৫। পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৩/২০২৬, তারিখঃ ১৮/০৫/২০২৬খ্রিঃ যথাযথভাবে পরিপালন ও ঋণ/বিনিয়োগ বিতরণ কার্যক্রম তদারকির লক্ষ্যে অত্র ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয়ে মনোনীত একজন ফোকাল পয়েন্ট ও একজন বিকল্প ফোকল পয়েন্ট কর্মকর্তার নাম, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা আগামী ২১/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে।

০৬। এমতাবস্থায়, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৩/২০২৬, তারিখঃ ১৮/০৫/২০২৬খ্রিঃ এবং পরবর্তীতে এসএমই ফাউন্ডেশন ও অত্র ব্যাংক কর্তৃক জারীতব্য এ সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরন পূর্বক এ খাতের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। পাশাপাশি পুনঃঅর্থায়ন সুবিধা পাওয়ার লক্ষ্যে চাহিত তথ্যাদি/বিবরণী নির্ভুলভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ রফিকুল ইসলাম) ১৮/০৫/২৬
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/এসএমই-৬(৯)/২০২৫-২৬/ ৬৬৬ (১২৫০) তারিখঃ ১৮/০৫/২০২৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক